

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ১৪, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

মজুরী বোর্ড শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ/১০ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং-৬৬-আইন/২০২১।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১), উপ-ধারা (৬), ধারা ১৩৯ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বিগত ৮ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে প্রকাশিত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-২৪৫-আইন/২০২০; তারিখ: ১৮ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ মোতাবেক ০২ সেপ্টেম্বর, ২০২০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

- (ক) তপশিল 'ক' এর 'শ্রমিকগণের নিম্নতম মজুরি হার' শিরোনামাধীন টেবিলের কলাম (৪) এর উপশিরোনামে উল্লিখিত 'বাড়ি ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%)' শব্দ, সংখ্যা, বন্ধনী ও চিহ্নসমূহের পরিবর্তে 'বাড়ি ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%)' শব্দ, সংখ্যা, বন্ধনী ও চিহ্নসমূহ প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) তপশিল 'খ' এর 'কর্মচারীগণের নিম্নতম মজুরি হার' শিরোনামাধীন টেবিলের কলাম (৪) এর উপশিরোনামে উল্লিখিত 'বাড়ি ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%)' শব্দ, সংখ্যা, বন্ধনী ও চিহ্নসমূহের পরিবর্তে 'বাড়ি ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%)' শব্দ, সংখ্যা, বন্ধনী ও চিহ্নসমূহ প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ৮ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহানা জামান

উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৬৬১৯)

মূল্য : টাকা ৪.০০